

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্কিলস এ্যান্ড ট্রেনিং এনহ্যান্সমেন্ট প্রজেক্ট  
কারিগরি শিক্ষা অধিদপ্তর  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
এফ-৪/বি, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

স্মারক নং-এসটিইপি/প্রশা(১)/৪৫.০৬.০৩ (স্কিলস কম্পিটিশন)/২০১৮- ৪৩৬

তারিখঃ ১৯ সেপ্টেম্বর ২০১৮

বিষয়: স্কিলস কম্পিটিশন ২০১৮ এর উদ্বোধনী অনুষ্ঠানে যোগদান প্রসঙ্গে

উর্পর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, গত চার বছরের ধারাবাহিকতায় 'স্কিলস এ্যান্ড ট্রেনিং এনহ্যান্সমেন্ট প্রজেক্ট (STEP)' এবারও কারিগরি শিক্ষাস্থানের অত্যন্ত জনপ্রিয় প্রতিযোগিতা 'স্কিলস কম্পিটিশন ২০১৮' আয়োজন করতে যাচ্ছে। পলিটেকনিক ইনস্টিটিউটের শিক্ষার্থীদের মেধা ও উদ্ভাবনী শক্তির বিকাশের লক্ষ্যে আয়োজিত এ প্রতিযোগিতার উদ্বোধনী অনুষ্ঠান আগামী ২৭ সেপ্টেম্বর ২০১৮ তারিখ রোজ বৃহস্পতিবার ঢাকার ইনস্টিটিউশন অব ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স, বাংলাদেশ (আইডিইবি), কাকরাইল, ঢাকায় অনুষ্ঠিত হবে।

২। মাননীয় শিক্ষামন্ত্রী জনাব নুরুল ইসলাম নাহিদ, এম.পি. উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন জনাব কাজী কেরামত আলী এম.পি., মাননীয় প্রতিমন্ত্রী, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।

৩। বিশেষ অতিথি হিসেবে আরও উপস্থিত থাকবেন জনাব মোঃ সোহরাব হোসাইন, সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, জনাব অশোক কুমার বিশ্বাস, অতিরিক্ত সচিব ও মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, জনাব মোঃ মোস্তাফিজুর রহমান, চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড এবং ড. মোখলেছুর রহমান, সিনিয়র অপারেশন্স অফিসার, বিশ্ব ব্যাংক। অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন জনাব মোঃ আলমগীর, সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।

৪। এ উপলক্ষে উদ্বোধনী অনুষ্ঠানস্থলে স্কিলস কম্পিটিশনের বিগত চার বছর চূড়ান্ত পর্বে অংশগ্রহণকারী সেরা উদ্ভাবনসমূহ প্রদর্শন করা হবে এবং এর মধ্য থেকে বাণিজ্যিকভাবে লাভজনক উদ্ভাবনগুলোর উৎপাদন ও বাজারজাতকরণের উদ্যোগ গ্রহণ করা হবে। পাশাপাশি স্কিলস কম্পিটিশন ২০১৮-এ অংশগ্রহণ ও এর বিভিন্ন পর্ব আয়োজনের নিয়ম-কানুন সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হবে। উল্লেখ্য, স্কিলস কম্পিটিশন ২০১৮ এ নির্বাচিত প্রতিষ্ঠানসমূহ ও প্রতিযোগিতায় অংশগ্রহণে আগ্রহী শিক্ষার্থীবৃন্দকে অনলাইনে রেজিস্ট্রেশন করতে হবে।

৫। এ প্রেক্ষিতে প্রকল্পের সহায়তাপুষ্টি ১৬২টি সরকারি-বেসরকারি পলিটেকনিক ইনস্টিটিউটের প্রধানগণকে একটি করে ল্যাপটপ ও ইন্টারনেট মডেমসহ ২৭ সেপ্টেম্বর ২০১৭ তারিখ বৃহস্পতিবার সকাল ৯.০০টার মধ্যে ইনস্টিটিউশন অব ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স, বাংলাদেশ (আইডিইবি), কাকরাইল, ঢাকায় উপস্থিত থাকতে অনুরোধ করা হলো।

৬। এ আদেশ জনস্বার্থে জারী করা হল। এ বিষয়ে কারিগরি শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক মহোদয়ের সদয় সম্মতি রয়েছে।

(এ বি এম. আজাদ)

প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)

ফোন: ৮১৮১৪৫৭

প্রাপক :

অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ/প্রতিষ্ঠান প্রধান

----- নির্বাচিত সরকারি-বেসরকারি পলিটেকনিক ইনস্টিটিউট (১৬২টি)।

অনুলিপি- সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৩. চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা।
৪. ড. মোখলেছুর রহমান, সিনিয়র অপারেশন্স অফিসার, বিশ্ব ব্যাংক, ঢাকা।
৫. অফিস কপি/মাস্টার কপি।